যায়যায়দিন

তারিখ 27 JUN 2008
পৃষ্ঠা ২ কলাম ৮

# শীর্ষ স্কুল-কলে
# দুর্নীতি তদ
# নেমেছে দু

সাখাওয়াত হোসেন

শিক্ষামানে দেশের শীর্ষস্থানে অবস্থান
এমন শিক্ষা প্রতিষ্ঠানগুলো অন্যান্য স
স্কুল-কলেজের চেয়ে দুর্নীতিতেও
এগিয়ে রয়েছে। এসএসসি ও এইচ
পরীক্ষায় বরাবরই প্রথম ও
তালিকায় থাকা দেশের অন্যতম বি
ভিকারুননিসা নূন এবং মা
আইডিয়াল স্কুল ও কলেজসহ স্বন
৪৩টি শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ইতি
ব্যাপক দুর্নীতির তথ্য মিলেছে। দুর্নীতি
কমিশনের বিশেষ অনুসন্ধানী দল
বিষয় গুরুত্বের সঙ্গে নিয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, এসব
প্রতিষ্ঠানের বিরুদ্ধে অধ্যক্ষ ও শি
কর্মচারী নিয়োগ এবং শিক্ষার্থী ভ
অনিয়মের চিত্র পাওয়া গেছে। এছ
খ্যাতনামা এসব স্কুল-কলেজের ব
আর্থিক দুর্নীতির তথ্য-প্রমাণ দুদ
হস্তগত হয়েছে।

দুর্নীতি দমন কমিশনের একটি দায়িত্
সূত্র জানিয়েছে, প্রাতিষ্ঠানিক দু
উদ্ঘাটনের লক্ষ্যে দুদকের নিয়োগ
শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিশেষ অনুস
দল মন্ত্রণালয় থেকে বিভিন্ন স্কুল
কলেজের এমপিওভুক্তি
সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ পৃ-১৫ ›› 

## শীর্ষ স্কুল-কলে

(প্রথম পৃষ্ঠার পর)

করেছে। সংগৃহীত ওইসব দলিল পরীক্ষা করে সম্ভাব্য গুরুতর অনিয়ম ও দুর্নীতি খুঁজে বের করা হচ্ছে। প্রয়োজনে এসব কাগজপত্র এমপিওভুক্তি সংক্রান্ত সংশ্লিষ্ট অধিদপ্তরে (ব্যানবেইজ) রক্ষিত দলিলের সঙ্গে যাচাই করা হবে। ইতিমধ্যেই এমপিওভুক্তি সংক্রান্ত উল্লেখযোগ্যসংখ্যক অনিয়ম উদ্ঘাটিত হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় বেশকিছু এমপিওভুক্তি আদেশ বাতিলও করেছে। এছাড়াও দুর্নীতি দমন কমিশনে যেসব শিক্ষা প্রতিষ্ঠানের অব্যবস্থাপনা ও আর্থিক অনিয়মের অভিযোগ জমা পড়েছে বা বিভিন্ন মাধ্যমে জনশ্রুতি রয়েছে, ওইসব প্রতিষ্ঠানের নিরীক্ষা প্রতিবেদন অডিট অধিদপ্তর থেকে সংগ্রহ করা হয়েছে।

দুদক সূত্র জানিয়েছে, রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, লালমাটিয়া মহিলা কলেজ, তিতুমীর কলেজ ও বোরহান উদ্দিন কলেজসহ ঢাকা বিভাগের আটটি শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে দুদকের বিশেষ টিম যোগাযোগ করেছে।

একজন উপপরিচালকের নেতৃত্বে চার সদস্যের একটি টিম ওই প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে উত্থাপিত অধ্যক্ষ ও শিক্ষক-কর্মচারী নিয়োগে অনিয়ম এবং শিক্ষার্থী ভর্তির সময় উৎকোচ গ্রহণসহ বিভিন্ন অনিয়ম-অব্যবস্থাপনা ও দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখছে। একই অভিযোগে অভিযুক্ত রাজধানীর খ্যাতনামা আরো প্রায় দুই ডজন স্কুল-কলেজের কাগজপত্র বিশেষ টিম অনুসন্ধান অব্যাহত রেখেছে। সূত্র জানিয়েছে, প্রতিদিনই এ তালিকায় নতুন স্কুল-কলেজের নাম অন্তর্ভুক্ত হচ্ছে।

দুদকের মহাপরিচালক কর্নেল হানিফ ইকবাল জানান, শুধু স্কুল-কলেজ নয়, প্রাইভেট ইউনিভার্সিটির দুর্নীতিও খতিয়ে দেখবে দুদকের বিশেষ দল। এজন্য তারা ইতিমধ্যেই বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে 'ব্ল্যাক লিস্টেড' প্রাইভেট ইউনিভার্সিটিগুলোর তালিকা চেয়েছে। হানিফ ইকবাল বলেন, প্রাইভেট ইউনিভার্সিটিতে দুর্নীতিবিরোধী অভিযান চালাতে ওই তালিকা দুদকের জন্য সহায়ক হবে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, প্রাতিষ্ঠানিক দুর্নীতি উদ্ঘাটনের লক্ষ্যে গঠিত দুদকের বিশেষ দল শুধু স্কুল-কলেজ নয়, শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ যতো অধিদপ্তর বা দপ্তর রয়েছে, এর সব সেক্টরেই পর্যায়ক্রমে অভিযান চালাবে। ইতিমধ্যেই শুরু হওয়া এ কার্যক্রম শিগগির আরো জোরদার করা হবে। সূত্রের দাবি, এ অভিযান শুরুর পর শিক্ষা মন্ত্রণালয়ও স্বপ্রণোদিত হয়ে তাদের বিভিন্ন সেক্টরের দুর্নীতি খুঁজে বের করতে শুরু করেছে। দুর্নীতি ঠেকাতে তারা ইতিমধ্যে বেশকিছু পদক্ষেপও গ্রহণ করেছে।